শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৮ (বিবিধ)-৩৪৫

তারিখঃ ২৩ আষাঢ় ১৪২৬ / ০৭ জুলাই ২০১৯

বিষয়ঃ সকল কনটেম্পট মামলা পরিচালনার নিমিত্ত বিজ্ঞ আইনজীবীগণের বিল পরিশোধের নির্দেশনা।

সূত্রঃ
(১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৩৫.০৪.০০১.১১-৩৬ তারিখ: ০৮.০১.২০১২ খ্রি.
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৫ই বিধি ২০০৯/১১৮৯৫/৬-জিএ তারিখ: ০৫.০৪.২০১৪ খ্রি.
(৩) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-সলিসিটর/জিপি-পিপি-আইন-০৫/২০১৪-৬৩ তারিখ: ২৩.০৮.২০১৭ খ্রি.
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.১১.১১৮.১৬-২৫৪ তারিখ: ০৭.০৯.২০১৭ খ্রি.
(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৩.০০০০.০০৫.১১.০০১.১৮-৩৩৩ তারিখ: ২০.০৯.২০১৭ খ্রি.
(৬) তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৫.০০.০০০০.০২৮.১১.০০১.১৬.১২২ তারিখ: ২৮.০৬.২০১৮ খ্রি.
(৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৩.০০০০.০০৫.০২.০৬৭.১৯-১২২ তারিখ: ১৩.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টে উর্ধ্বতন কর্মকর্তার বিরুদ্ধে কনটেম্পনর- রেসপনডেন্ট করে বিভিন্ন ধরনের কনটেম্পট মামলা মহামান্য সুপ্রীম কোর্টে বিচারাধীন আছে।

০২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (DME) কর্তৃক নিয়োগকৃত বিজ্ঞ প্যানেল আইনজীবীগণ কর্তৃক সকল কনটেম্পট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করা হয়। কনটেম্পট মামলা পরিচালনার জন্য বিল পরিশোধের নিমিত্ত ইতোমধ্যে বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক DME তে বিল দাখিল করা হয়েছে

০৩। উপর্যুক্ত যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সূত্র (৩) ও TMED এর ০৭.০৯.১৭ খ্রি. তারিখের ২৫৪ সংখ্যক পত্রমূলে কনটেম্পট মামলার বিল পরিশোধের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে-

"যেহেতু কনটেম্পট এর দায় ব্যক্তিগত দায় সেহেতু সরকারী খাত থেকে প্যানেল আইনজীবীদের ফি প্রদান করার সুযোগ নেই।"

০৪। ভূমি মন্ত্রণালয়, মাউশি অধিদপ্তর ও তথ্য মন্ত্রণালয় কর্তৃক কনটেম্পট মামলাসহ অন্যান্য মামলা পরিচালনার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবীগণকে ফি প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে।

০৫। DME এর বিজ্ঞ আইনজীবীগণ কর্তৃক কনটেম্পট মামলার বিল উপস্থাপন করা হলেও TMED এর সূত্র (৪) মূলের নির্দেশনা অনুযায়ী বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না

০৬। এখানে উল্লেখ্য যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক কনটেম্পট মামলাকে কনটেম্পটনর-রেসপনডেন্টস্ এর ব্যক্তিগত দায় হিসেবে উল্লেখ করা হলেও TMED সংশ্লিষ্ট মামলার ক্ষেত্রে একান্ত ব্যক্তিগত কোন ত্রুটির জন্য কনটেম্পট মামলার উদ্ভব হচ্ছে মর্মে প্রতীয়মান হয়নি বরং সরকারি নির্দেশনা অনুসরণ করার কারণেই কনটেম্পট (রিট পিটিশন হতে উদ্ভুত) মামলার উদ্ভব হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

০৭। এখানে আরো উল্লেখ্য যে, DME এর পত্র হতে এটাও স্পষ্ট হয়েছে ভূমি মন্ত্রণালয়, মাউশি অধিদপ্তর ও তথ্য মন্ত্রণালয় (অন্য মন্ত্রণালয় থাকতে পারে) হতে কনটেম্পট মামলার পরিচালনার জন্য কনটেম্পট মামলা পরিচালনা সংক্রান্ত বিল বিজ্ঞ আইনজীবীগণকে পরিশোধ করা হচ্ছে

০৮। যেহেতু প্রকৃতপক্ষে TMED সংশ্লিষ্ট মামলা (মূলত: রিট মামলাসমূহ হতে কনটেম্পট মামলার উদ্ভব হচ্ছে এবং উক্ত রিট মামলাগুলোতে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য কনটেম্পট মামলাগুলোর উদ্ভব হচ্ছে বিধায় তা ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হওয়া উচিত নয় এবং যেহেতু ভূমি মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং মাউশি অধিদপ্তর কর্তৃক কনটেম্পট মামলার বিজ্ঞ আইনজীবীগণকে বিল পরিশোধ করা হচ্ছে সেহেতু সূত্র (৭) মূলের প্রস্তাব অনুযায়ী কনটেম্পট মামলার বিল পরিশোধের জন্য DME এর প্রস্তাব বিবেচনাযোগ্য।

০৯। এক্ষণে, কনটেম্পট মামলার বিল পরিশোধের বিষয়ে TMED কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

ক. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ২৯.১০.২০১৮ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২২.১৮-৩৮০ সংখ্যক পত্রমূলে জারিকৃত অনুমোদিত ফি চার্ট (কপি সংযুক্ত) অনুসরণক্রমে কনটেম্পট মামলার বিল পরিশোধকরণ;

খ. কনটেম্পট মামলার উদ্ভব হওয়ার পূর্বেই রিট মামলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চিতকরণ।

১০। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্ত: অনুমোদিত ফি চার্ট-০২ (দুই) পাতা

(নূরজাহান বেগম )
সিনিয়র সহকারী সচিব

বিতরণ:কার্যার্থে:

১ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশীবাজার, ঢাকা।
৪ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫ পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬ অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৮ (বিবিধ)-৩৪৫/৬(৬)

তারিখঃ ২৩ আষাঢ় ১৪২৬
০৭ জুলাই ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:/কারিগরি/মাদ্রাসা/) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি/মাস্টার কপি।

০৭.০৭.১৯
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব